

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬১২

১/ বিবিধ

আরবী

الأكل مع الخادم من التواضع، فمن أكل معه اشتاقت إليه الجنة
موضوع

الدلمي (1 / 2 / 268) عن أبي علي بن الأشعث: حدثنا شريح بن عبد الكريم: حدثنا جعفر بن محمد بن جعفر بن محمد بن علي الحسيني أبو الفضل في كتاب " العروس ": حدثنا محمد بن كثير القرشي: حدثنا الأوزاعي عن يحيى بن أبي كثير عن أبي سلمة عن أم سلمة مرفوعا

قلت: أورده السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 195) في جملة أحاديث ذكرها من طريق الدلمي بإسناده عن أبي الفضل هذا، وقال السيوطي: " ابن الأشعث كذبه، وقال الدلمي: أسانيد " كتاب العروس " واهية لا يعتمد عليها، والأحاديث منكرة جدا ". قلت: ومحمد بن كثير القرشي قال أحمد: " حرقنا حديثه "، وقال البخاري: " منكر الحديث

وجعفر بن محمد الحسيني قال الجوزقاني في " كتاب الأباطيل ": " مجروح ". وبه أعله ابن عراق في " تنزيه الشريعة " (2 / 267) وقال في ترجمته من المقدمة (1 / 45) : " أشار الدلمي إلى اتهامه ". يعني قول الدلمي المتقدم. والحديث قال المناوي: " سنده ضعيف ". والظاهر أنه اقتصر على تضعيفه بناء منه على قاعدة أن ما تفرد به الدلمي فهو ضعيف، وإلا فإنه لورجع إلى سنده لحكم عليه بالوضع كما صنع السيوطي على تساهله، ومع ذلك فقد تناقض السيوطي، فأورده في " الجامع الصغير " أيضا

বাংলা

৬১২। খাদেমের সাথে খাওয়া হচ্ছে বিনম্রতার অন্তর্ভুক্ত। যে তার সাথে খাবে তার জন্য জান্নাত অত্যাধিক আগ্রহ প্রকাশ করবে।

হাদীছটি জাল।

এটি দাইলামী (১/২/২৬৮) আবু আলী ইবনুল আশয়াছ হতে তিনি শুরায়িহ ইবনু আব্দিল কারীম হতে তিনি জাফার ইবনু মুহাম্মাদ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটিকে সুযুতী “যায়লুল আহাদীছিল মাওয়ুআহ” (পৃঃ ১৯৫) গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইবনুল আশয়াছকে তারা (মুহাদ্দিছগণ) মিথ্যুক আখ্যা দিয়েছেন। দাইলামী বলেনঃ “কিতাবুল আরাস”-এর সনদগুলো খুবই দুর্বল। তার উপর নির্ভর করা যায় না। আর হাদীছগুলো নিতান্তই মুনকার।

আমি (আলবানী) বলছিঃ “কিতাবুল আরাসের” বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু কাছীর আল-কুরাশী সম্পর্কে ইমাম আহমাদ বলেনঃ তার হাদীছকে আমরা পুড়িয়ে দিয়েছি। ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। জাফর ইবনু মুহাম্মাদ সম্পর্কে জুযকানী “কিতাবুল আবাতীল” গ্রন্থে বলেনঃ তিনি সমালোচিত। তার দ্বারাই ইবনু ইরাক “তানীছশ শারীয়াহ” (২/২৬৭) গ্রন্থে সমস্যা বর্ণনা করেছেন এবং তার মুকাদ্দিমাতে (১/৪৫) বলেছেনঃ দাইলামী তাকে মিথ্যার দোষে দোষী করেছেন। তা সত্ত্বেও সুযুতী “আল-জামেউস সাগীর” গ্রন্থে হাদীছটি উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71491>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন